

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৬২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

আরবী

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ بَيْعِ الْعِنَبِ حَتَّى يَسْتَدَّ هَكَذَا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ عَنْ أَنَسٍ. حَتَّى يَسْوَدَّ وَعَنْ بَيْعِ الْحَبِّ حَتَّى يَشْتَدَّ هَكَذَا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ عَنْ أَنَسٍ. وَالزِّيَادَة الَّتِي فِي المصابيح وَهُوَ قولُه: نهى عَن بيْعِ التَمْرِ حَتَّى تزهوَ إِنَّما ثبتَ فِي رَوَايَتِهِمَا: عَنِ ابْنِ عُمَرَ قَالَ: نَهَى عَنْ بَيْعِ النَّخْلِ حَتَّى تَزْهُو وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيث حَسن غَرِيب

বাংলা

২৮৬২-[২৯] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কালো না হয়ে যাওয়া পর্যন্ত আঙ্গুর ও হুষ্টপুষ্ট না হওয়া পর্যন্ত শস্যজাত দ্রব্য বিক্রি করতে নিষেধ করেছেন। (তিরমিয়ী, আবূ দাউদ: আর তারা উভয়ে এক বর্ণনায় আনাস হতে বর্ণনা করেছেন)[1]

মাসাবীহ সংকলক অতিরিক্ত উল্লেখ করেছেন যে, ইবনু 'উমার (রাঃ)-এর বর্ণনায় রয়েছে যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) লাল বা হলুদ আকার ধারণ না করা পর্যন্ত খেজুর বিক্রি করতে নিষেধ করেছেন। আর ইমাম তিরমিয়ী (রহঃ) বলেছেন, হাদীসটি হাসান গরীব।

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ১২২৮, আবূ দাউদ ৩৩৭১, ইবনু মাজাহ ২২১৭, আবূ দাউদ ১৩৩১৪, সহীহ ইবনু হিব্বান ৪৯৯৩, ইরওয়া ১৩৬৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ মর্মে 'আল্লামা নববী (রহঃ) বলেন, গাছেই খেজুর পরিপক্কতার পর তা খুরমার বিনিময়ে বিক্রি করা নিষিদ্ধ। তবে তা দীনার বা দিরহাম কিংবা টাকা-পয়সা ইত্যাদির বিনিময়ে বিক্রি করা যাবে। আর পাকা খেজুর



খুরমার বিনিময়ে বিক্রি করা নিষিদ্ধ, তবে 'আরা-ইয়া হলে এটি জায়িয। (بيع العاريا) 'আরা-ইয়া নামক কেনা-বেচার আলোচনা অতিবাহিত হয়েছে। ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৩৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন